

আমরা একটা নদীর ধারে যাব

আমরা একটা নদীর ধারে যাব

একটা হলুদ পালের নৌকা

আমাদের কল্পনায় আছে

আমরা অনেক হলুদ ঝরাপাতা

জড়ো করে

মেয়েদের সেখানে ডাকব

আমরা অনেক রাতে

আমরা অনেক রাতে

নদী থেকে উঠে আসি

গাঢ় কুসুমের ঘ্রাণ নিয়ে

আমাদের চুল এলোমেলো

চোখে জলোচ্ছ্বাস

নীলপথে আমাদের

ঘরে ফিরে যেতে হয়

গানের ভেতর

সন্ধ্যা নামলে খেয়া পৌঁছে যেত

টাঁদের নিচ পর্যন্ত গিয়ে

আমরা গল্প করতাম

সবুজ রঙ আমাদের করতলেই থাকত

হাওয়া সব ওলট পালট করে দিলো

নীল আলো জ্বলা সেই ঘরগুলোয়

আমরা শুধুই দুলতে থাকতাম

গানের ভেতর এই সবই ধরে যেত

সোমনাথ ভট্টাচার্য